অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/12/2021 **গভর্নর ক্যাথি হোকল**

মনরো ও জেফারসন কাউন্টিতে REDI আঞ্চলিক ড্রেজিং প্রকল্পের কাজ শুরু হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

স্যান্ডি ক্রিক ও ক্লেটন ফ্রেঞ্চ ক্রিক ম্যারিনায় ড্রেজিং করা হলে তা নৌযানের জন্য নিরাপদে আশ্রয় নেয়া ও অব্যাহত অ্যাক্সেস নিশ্চিত করবে

হেন্ডারসন টাউনে হেন্ডারসন "দ্যা কাট" এর ড্রেজিংয়ের কাজ সম্পন্ন হয়েছে

স্টেটের 15 মিলিয়ন ডলারের আঞ্চলিক ড্রেজিং উদ্যোগ লেক ওন্টারিও ও সেন্ট লরেন্স নদীর উপকূল মজবুত করা অব্যাহত রেখেছে

ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ স্টেটের 15 মিলিয়ন ডলারের REDI আঞ্চলিক ড্রেজিং প্রকল্পের অংশ হিসেবে, মনরো কাউন্টির হ্যামলিন টাউনে স্যান্ডি ক্রিক ইনলেটে ড্রেজিংয়ের কাজ শুরু হয়েছে বলে ঘোষণা করেছেন। লেক ওন্টারিওর দক্ষিণ তীর ও সেন্ট লরেন্স নদী সংলগ্ন 20টি পর্যন্ত নেভিগেশন চ্যানেল ড্রেজিংয়ের কাজ নিউ ইয়র্ক স্টেটের 300 মিলিয়ন ডলারের সংস্কার ও অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগের একটি উল্লেখযোগ্য দিক। নৌযানের জন্য নিরাপদে নোঙর ফেলা ও চলাচলের পথ অব্যাহত রাখতে এই ড্রেজিংয়ের কাজে জলপথের তলদেশে জমা হওয়া পলি অপসারণ করা হবে। স্যান্ডি ক্রিক থেকে আনুমানিক 5,700 কিউবিক ইয়ার্ড পর্যন্ত পলি অপসারণ করা হবে বলে অনুমান করা হচ্ছে। যান্ত্রিক উপায়ে ড্রেজিংয়ের কাজ সম্পন্ন করা হবে এবং ড্রেজিং ফ্লিটের মধ্যে একটি বার্জ, এক্সক্যাভেটর, ও একটি টাগবোট অন্তর্ভুক্ত থাকবে। চ্যানেল থেকে ড্রেজিং করে তোলা পলি প্রস্তাবিত ড্রেজিংয়ের এলাকার আনুমানিক 1,200 ফুট উত্তরে একটি নির্ধারিত জায়গায় জমা করা হবে।

"গত কয়েক বছর ধরে লেক ওন্টারিও ও সেন্ট লরেন্স নদী সংলগ্ন এলাকার কমিউনিটিগুলো জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট চরম বিরূপ আবহাওয়া ও বন্যার প্রভাবের সাথে লড়াই করতে বাধ্য হচ্ছে এবং এই কমিউনিটিগুলো যাতে প্রকৃতির সৃষ্ট যেকোনো দুর্যোগ মোকাবেলার জন্য প্রস্তুত থাকতে পারে তা নিশ্চিত করতে নিউ ইয়র্ক তার সাধ্যের মধ্যে সবকিছু করে যাচ্ছে," **বলেছেন গভর্নর হোকল।** "এধরনের ড্রেজিং ও সংস্কার প্রচেষ্টার দায়িত্ব গ্রহণ করার মধ্য দিয়ে, আমরা শুধু যে এই নেভিগেশন চ্যানেলগুলো খোলা রাখা নিশ্চিত করতে সাহায্য করছি তাই নয়, বরং সেইসাথে আমরা এই চ্যানেলগুলো দিয়ে যাতায়াতকারী লোকজনকে

নিরাপদ রাখছি, একইসাথে সমৃদ্ধ পর্যটন শিল্পের উপর নির্ভরশীল স্থানীয় ব্যবসায়িক কমিউনিটিকে সুরক্ষিত রাখতে সাহায্য করছি।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস অব জেনারেল সার্ভিসেস (Office of General Services)-এর কমিশনার রো অ্যান ডেস্টিটো বলেন, "লেক ওন্টারিওর পোতাশ্রয় ও উপসাগরগুলোতে নিরাপদ অ্যাক্সেস প্রদান করাটা চিত্তবিনোদনের জন্য নৌযানচালকদের জন্য এবং তাদের অর্থের মাধ্যমে সহায়তা পাওয়া আঞ্চলিক পর্যটন অর্থনীতি উভয়ের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। মনরো ও জেফারসন কাউন্টিতে ড্রেজিং এর মাইলফলকগুলো অর্জন করাটা এই গ্রেট লেকের দক্ষিণ তীর সংলগ্ন কমিউনিটিগুলোতে এবং সেন্ট লরেন্স নদী সংলগ্ন এলাকার কমিউনিটিগুলোতে গভর্নর হোকলের প্রশাসন যে উল্লেখযোগ্য অগ্রগতি করেছে তারই প্রমাণ।"

সেইসাথে, গভর্নর হোকল জেফারসন কাউন্টিতে ক্লেটন ভিলেজের ক্লেটন ফ্রেঞ্চ ক্রিক ম্যারিনায় ড্রেজিংয়ের কাজ চলমান রয়েছে বলে ঘোষণা করেছেন। ফ্রেঞ্চ ক্রিক ম্যারিনা একটি জনপ্রিয় পর্যটন স্থান, যা চিত্তবিনোদনমূলক ক্রিয়াকলাপ যেমন ক্যাম্পিং, ট্রেইলারিং, নৌকা চালানো, ও ডাইভিং, ইত্যাদির জন্য স্টেটের বিভিন্ন অঞ্চল থেকে পর্যটকদের আকৃষ্ট করে থাকে। এই ম্যারিনা চ্যানেলে হাইড্রলিক উপায়ে ড্রেজিং সম্পন্ন করা হবে, যা প্রায় 6,800 কিউবিক ইয়ার্ড পলি অপসারণ করবে। ড্রেজিং ফ্লিটের মধ্যে একটি GPS সম্বলিত হাইড্রলিক এক্সক্যাভেটর ও একটি বার্জ বা ল্যান্ডিং ক্র্যাফট অন্তর্ভুক্ত রয়েছে। ড্রেজিং করে উত্তোলন করা পলি বার্জ থেকে সরাসরি সিলকৃত ডাম্প ট্রাকে আনলোড করা হবে এবং কেপ ভিনসেন্ট টাউনে সেন্ট লরেন্স রোড (কাউন্টি রুট 9) ও মাটন লেনের সংযোগস্থলে জেফারসল কাউন্টির মালিকানাধীন একটি জায়গায় নিয়ে জমা করা হবে। এই জায়গায় পলি থেকে পানি অপসারণ করার পর ক্লেটন টাউন সেগুলো রক্ষণাবেক্ষণ প্রকল্পগুলোতে মাটি ভরাট করার কাজে ব্যবহার করবে।

এছাড়াও গভর্নর হোকল ঘোষণা করেছেন যে জেফারসন কাউন্টিতে হেন্ডারসন টাউনে আরো একটি ড্রেজিং প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে, যেটি সাধারণভাবে "দ্যা কাট" নামে পরিচিত, যা লেক ওন্টারিও ও হেন্ডারসন বে-কে সংযুক্ত করা একটি ছোট আকারের চ্যানেল। এই হেন্ডারসন প্রকল্প যান্ত্রিক উপায় ব্যবহার করে সম্পন্ন করা হয়েছে এবং ড্রেজিং ফ্লিটের মধ্যে একটি বার্জ, এক্সক্যাভেটর, ও একটি টাগবোট অন্তর্ভুক্ত ছিল। অপসারণকৃত পলির পরিমাণ ছিল আনুমানিক 600 কিউবিক ইয়ার্ড। ড্রেজিং করে উত্তোলন করা পলি আউটলেট চ্যানেলের আনুমানিক এক মাইল উত্তর-পূর্ব দিকে একটি নির্ধারিত জায়গায় জমা করা হয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের সেক্রেটারি অব স্টেট রোজানা রোসেডো বলেন, "REDI উদ্যোগের মাধ্যমে আমরা লেক ওন্টারিওর কমিউনিটিগুলোকে তাদের জলপথকে পুনরুজ্জীবিত করতে এবং স্থানীয় জলপথ সংলগ্ন ব্যবসা প্রতিষ্ঠান ও বাসিন্দাদের সম্মুখীন হওয়া সমস্যাগুলোর সমাধান করতে সাহায্য করছি। নিউ ইয়র্কের স্টেট পর্যায়ের সংস্থাগুলো একাধিক কমিউনিটির সাথে অংশীদার হয়ে এসব ড্রেজিং প্রকল্পের মতো পদক্ষেপসমূহ বাস্তবায়নের জন্য কাজ করছে, যা সার্বিক নেভিগেশনযোগ্যতা এবং বাসিন্দাদের ও পর্যটকদের জন্য সমানভাবে জলপথের সংস্থানগুলোতে অ্যাক্সেস উন্নত করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার বাসিল সেগোস বলেন, "নিউ ইয়র্কের REDI বিনিয়োগ সেন্ট লরেন্স নদী ও লেক ওন্টারিওর দক্ষিণ তীর সংলগ্ন কমিউনিটিগুলোকে উপকৃত করবে এমন প্রকল্পগুলো এগিয়ে নেয়া অব্যাহত রেখেছে। স্যান্ডি ক্রিক ও ক্লেটন ফ্রেঞ্চ ক্রিক ম্যারিনায় ড্রেজিং করার বিষয়টি নৌযানের মাধ্যমে ভ্রমণ উন্নত করবে, পোতাশ্রয়ের নেভিগেশন চ্যানেলগুলো সুরক্ষিত রাখবে এবং পরিবেশের সুরক্ষার সাথে আপোষ না করেই চিত্তবিনোদনমূলক ক্রিয়াকলাপ এবং এর সহায়তায় চলমান থাকা অর্থনৈতিক ক্রিয়াকলাপ স্থিতিশীল করবে।"

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের (Department of Labor) কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "নিউ ইয়র্ক স্টেটের উপকূলীয় কমিউনিটিগুলোর জন্য REDI উদ্যোগ একটি লাইফলাইন হিসেবে ভূমিকা পালন করে আসছে, ও এরকম বিনিয়োগ থেকে ব্যাপকভাবে উপকৃত হওয়া কমিউনিটিগুলোর মধ্যে একটি হলো হ্যামলিন টাউন। এই প্রকল্পগুলো এসব অঞ্চলে শুধু পর্যটক আকর্ষণ ও অর্থনৈতিক উন্নয়নই করে না, বরং আরো গুরুত্বপূর্ণ ব্যাপার হলো, এসব উপকূলীয় কমিউনিটি সংরক্ষণ করা এবং সেখানে বসবাসকারী মানুষদের জীবনযাত্রার মান উন্নত করার ক্ষেত্রে সেগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।"

সিনেটর প্যাটি রিচি বলেন, "কয়েক দশক ধরে, ফ্রেঞ্চ ক্রিক ম্যারিনা লোকজনের নৌকা চালানো সংক্রান্ত সব ধরনের চাহিদা পূরণ এবং এই এলাকার ক্যাম্পগ্রাউন্ডে বন্ধু-বান্ধব ও পরিবারের সাথে সময় কাটানোর জন্য যাওয়ার মতো জায়গা হয়ে আছে। এই গুরুত্বপূর্ণ ড্রেজিং প্রকল্প আগামী বহু বছর ধরে লোকজনের নিরাপদে ও সহজে এই ম্যারিনা অ্যাক্সেস করার বিষয়টি নিশ্চিত করবে। সেন্ট লরেন্স নদীর ও নিরাপদে নৌযান চালনার অন্যতম বৃহত্তম সমর্থক, ফ্রেঞ্চ ক্রিকের হ্যান্স ওয়াহল এটি দেখতে পেলে অত্যন্ত খুশি হতেন—কিন্তু আমি আশা করছি তার পরিবার ও বন্ধু-বান্ধব এই বিষয়টি জেনে স্বস্তি পাবেন যে তার সমর্থনের প্রভাব এখনো টিকে আছে।"

অ্যাসেম্বলিম্যান কেন ব্ল্যাঙ্কেনবুশ বলেন, "হেন্ডারসন বে-তে REDI প্রকল্পটি সম্পন্ন হয়েছে দেখে আমি আনন্দিত বোধ করছি। এই ড্রেজিং প্রকল্প নিরাপদে নোঙর ফেলার ব্যবস্থা করে দেয়ার মাধ্যমে চিত্তবিনোদনের জন্য নৌযান চালকদের ও মাছ শিকারীদের জন্য উপকারী হবে, সেইসাথে এই অঞ্চলের পর্যটন শিল্পকে সহায়তা করবে।"

অ্যাসেম্বলিম্যান স্টিফেন হাউলি বলেন, "এটির মতো স্বতস্ফূর্ত প্রকল্পগুলো ভবিষ্যতে আমাদের অনেক অর্থ সাশ্রয় করবে এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো, এই সাইটগুলো রক্ষণাবেক্ষণ না করে ফেলে রাখা হলে যে ক্ষতি বা অপকার হতে পারতো সেটা প্রতিরোধ করতে সাহায্য করবে। আমাদের জলপথগুলো আমাদের কমিউনিটির জন্য অসাধারণ অর্থনৈতিক সম্পদ, তাই এই প্রকল্পটি স্যান্ডি ক্রিক সাইটকে আগামী কয়েক দশকব্যাপী উপভোগের জন্য নিরাপদ ও কর্মক্ষম রাখবে জেনে আমি আনন্দিত।"

অ্যাসেম্বলিম্যান মার্ক ওয়ালজেইক বলেন, "REDI তহবিলের সমর্থনকারী হিসেবে, সেন্ট লরেন্স করিডর সংলগ্ন এলাকায়, বিশেষ করে ক্লেটনের মতো কমিউনিটিগুলোতে, যেখানে

উপকূলীয় এলাকা সুরক্ষিত রাখা স্থানীয় অর্থনীতি ও জনসাধারণের নিরাপত্তার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ কাজের জন্য এই অর্থ ব্যবহার করা অব্যাহত রয়েছে দেখে আমি আনন্দিত বোধ করছি। আমি বন্যার দ্বারা ক্ষতিগ্রস্ত কমিউনিটিগুলোতে অবকাঠামো জোরদার করার কাজ চালিয়ে যাবো এবং আমাদের সরকারের সকল আগ্রহী অংশীদারের প্রতি আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি।"

জেফারসন কাউন্টির লেজিসলেচার চেয়ারম্যান স্কট গ্রে বলেন, "REDI প্রকল্পসমূহ আমাদের কমিউনিটিগুলোকে আরো বেশি শক্তিশালী করতে এবং আমাদের জলপথ ও চ্যানেলগুলোতে নেভিগেশন উন্নত করতে আমাদের উপকূলীয় অঞ্চল ও যাতায়াতের পথগুলো পুনর্নির্মাণের কাজ অব্যাহত রেখেছে। চ্যানেলগুলোর ড্রেজিং করাটা চিত্তবিনোদনমূলক চলাচল বজায় রাখার জন্য একটি অপরিহার্য রক্ষণাবেক্ষণমূলক পদক্ষেপ এবং উপকূলীয় অঞ্চলের ব্যবসা প্রতিষ্ঠানগুলোর উপর এটির ইতিবাচক অর্থনৈতিক প্রভাব রয়েছে। ড্রেজিং ও পলির পুনর্ব্যবহার চলমান পোতাশ্রয় ব্যবস্থাপনার জন্য একটি সমন্বিত পরিকল্পনা প্রদান করতে একটি বাড়তি সুবিধা যোগ করবে।"

হেন্ডারসন টাউনের সুপারভাইজার এড গ্লেজার বলেন, "হেন্ডারসন বে-এর কাজ সমাপ্ত হয়েছে দেখে আমরা উচ্ছসিত। এই বে-এর ড্রেজিং করানোর বিষয়টি অধিবাসী ও পর্যটক উভয় ধরনের ব্যক্তিদের জন্য জলপথকে উন্মুক্ত রাখা, স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সহায়তা করা, এবং এই অঞ্চলের জনপ্রিয় মৎস শিল্পের উন্নতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

হ্যামলিন টাউনের সুপারভাইজার এরিক পিটার্স বলেন, "স্যান্ডি ক্রিক চ্যানেলের ড্রেজিং করাটা এখানকার হ্যামলিন টাউনের ক্ষুদ্র ব্যবসা কমিউনিটির স্বাস্থ্য ও উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ। এই প্রকল্প শুরু হচ্ছে দেখে আমরা কৃতজ্ঞ। REDI আঞ্চলিক ড্রেজিং কর্মসূচির মাধ্যমে, NYS চিত্তবিনোদনের জন্য নৌযান চালকদের ও চার্টার ক্যাপ্টেনদের জন্য নিরাপদ ও নিরবিচ্ছিন্ন চলাচলের পথ নিশ্চিত করতে সাহায্য করছে যা হ্যামলিন টাউন ও লেক ওন্টারিওর উপকূলীয় কমিউনিটিগুলোর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ পর্যটন শিল্পকে সুরক্ষিত রাখবে।"

ক্লেটন ভিলেজের মেয়র নরমা জিমার বলেন, "ক্লেটনের ফ্রেঞ্চ ক্রিক ম্যারিনায় REDI ড্রেজিং এই ভিলেজে ভ্রমণকারী এবং এই ম্যারিনার প্রদান করা সব ধরনের চিত্তবিনোদনের সুযোগ উপভোগকারী সবার জন্য একটি সম্পদ হবে। এই উদ্যোগ এই অঞ্চলের গুরুত্বপূর্ণ পর্যটন শিল্পকে সুরক্ষিত রাখার মাধ্যমে আমাদের স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সহায়তা করবে। ভিলেজের পক্ষ থেকে, আমি গভর্নর হোকল ও REDI কর্মসূচির প্রতি তাদের অব্যাহত সহায়তার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি।"

REDI আঞ্চলিক ড্রেজিং প্রকল্পের উদ্দেশ্য হলো এই অঞ্চলে প্রধানত চিত্তবিনোদনমূলক নৌযান চালনা ও আশ্রয়গ্রহণের জন্য ব্যবহৃত পোতাশ্রয়ের নেভিগেশন চ্যানেলগুলোতে চলমান ড্রেজিং চাহিদা পূরণের একটি সমন্বিত প্রক্রিয়া প্রদান করা। এই প্রকল্প ধাপ I ও II এর মাধ্যমে পোতাশ্রয়ের 20টি পর্যন্ত নেভিগেশন চ্যানেলের অপরিহার্য ড্রেজিংয়ের কাজ সম্পন্ন করবে। ধাপ III চলাকালীন সময়ে, কাউন্টিগুলোকে ভবিষ্যতে চিত্তবিনোদনমূলক নেভিগেশন চ্যানেলগুলো

রক্ষণাবেক্ষণের জন্যে দীর্ঘমেয়াদী পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও অর্থায়ন পরিকল্পনা আপডেট, সম্প্রসারণ ও বাস্তবায়নের জন্য স্টেট প্রয়োজনীয় তথ্য সরবরাহ করবে।

এখন পর্যন্ত, স্টেট 13টি REDI ড্রেজিং প্রকল্পের কাজ সম্পন্ন করেছে, এবং চিত্তবিনোদনের জন্য নৌযান চালকদের লেক ওন্টারিও ও সেন্ট লরেন্স নদীতে নিরাপদ অ্যাক্সেস প্রদান করতে আনুমানিক 56,000 কিউবিক ইয়ার্ড পলি অপসারণ করেছে। হেন্ডারসনের "দ্যা কাট" প্রকল্পটি ছাড়াও সমাপ্ত হওয়া ড্রেজিং প্রকল্পগুলোর মধ্যে ওয়েইন কাউন্টিতে পোর্ট বে, ব্লাইন্ড সোডাস বে, ইস্ট বে, বিয়ার ক্রিক ও পুল্টনেভিল, ওসওয়েগো কাউন্টিতে স্যান্ডি পন্ড ইনলেট ও স্যামন নদী/পোর্ট অন্টারিও, মনরো কাউন্টিতে আয়রনডেক্যুইট বে ও ব্র্যাডক বে, কায়ুগা কাউন্টিতে লিটল সোডাস বে, নায়াগ্রা কাউন্টিতে গোল্ডেন হিল স্টেট পার্ক, অরলিন্স কাউন্টিতে ওক অরচার্ড অন্তর্ভুক্ত রয়েছে।

ড্রেজিং সংক্রান্ত সব ক্রিয়াকলাপ অনুকূল আবহাওয়া ও জলপথের অবস্থার উপর নির্ভরশীল। কায়ুগা, জেফারসন, মনরো, নায়াগ্রা, অরলিন্স, ওসওয়েগো, সেন্ট লরেন্স, ও ওয়েইন কাউন্টতে আঞ্চলিক ড্রেজিং প্রকল্প, এবং সেইসাথে এসব কাউন্টির জন্যে আঞ্চলিক সুবিধাসমূহ সম্পর্কিত বিস্তারিত তথ্য এখানে পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন